

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৫৯২

পর্ব - ৩ঃ জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ মৃত ব্যক্তির জন্য আওয়াজ ছাড়া ক্রন্দন করা বৈধ

আরবী

وَعَنْ أَنَسٍ _ رضي الله عنه _ قَالَ: شَهِدْتُ بِنْتًا لِلنَّبِيِّ _ صلى الله عليه وسلم _ تُدْفَنُ, وَرَسُولُ اللَّهِ _ صلى الله عليه وسلم _ جَالِسٌ عِنْدَ الْقَبْرِ، فَرَأَيْتُ عَيْنَيْهِ تَدْمَعَانِ. رَوَاهُ الْبُخَارِيُّ

صحيح. رواه البخاري (1285)

বাংলা

৫৯২. আনাস ইবনু মালিক (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর এক কন্যা [উম্মু কুলসুম (রা.)]-এর দাফনকালে উপস্থিত হলাম। আল্লাহর রসূল কবরের পার্শ্বে উপবিষ্ট ছিলেন। আনাস (রাঃ) বলেন, তখন আমি তাঁর চক্ষু হতে অশ্রু ঝরতে দেখলাম।[1]

ফুটনোট

[1] বুখারী ১২৪২, ১২৮৫, আহমাদ ১১৭৬৬, ১২৯৮৫।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন